

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
এপিএ শাখা

আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ এর ৩য় ত্রৈমাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

সভাপতি	কাজী মোশতাক জহির যুগ্মসচিব (যুব) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সভার তারিখ	২৮-০৪-২০২৪ খ্রি.
সভার সময়	সকাল ০২:৩০ টা
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারি কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কর্মকৃতি (Performance) নিশ্চিত করার লক্ষ্যে শুদ্ধাচার সম্পর্কে গুরুত্ব দিয়ে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অতঃপর মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০২। উপসচিব (প্রশাসন) ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিটি দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২৪) প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেমে (NIS Online System Software) দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন যাচাই করা হয়। এতে দেখা যায় যে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক NIS সফটওয়্যারে দাখিলকৃত প্রতিবেদনের অর্জনের কলাম শূন্য। এ বিষয়ে উক্ত অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তা জানিয়েছেন যে উক্ত অফিস হতে সঠিকভাবে প্রতিবেদন দাখিল করা হয়েছে। বিষয়টি পুনরায় যাচাই করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। ক্রীড়া পরিদপ্তরের প্রতিনিধি সভাকক্ষে উপস্থিত না থাকায় তাকে ভারুয়ালি সংযুক্ত করা হয়। তিনি সভায় ক্রীড়া পরিদপ্তরের NIS'র ৩য় ত্রৈমাসিক অর্জন সম্পর্কে যথাযথ জবাব প্রদান করতে না পাড়ায় এবং সভাকক্ষে উপস্থিত না থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। নিজ নিজ দপ্তরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে আরও জোরালো ভূমিকা পালনের জন্য দপ্তর/সংস্থার প্রতিনিধিদের সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভায় গুরুত্বপূর্ণ মতামত প্রদানের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর ৩য় ত্রৈমাসিক অর্জনের প্রতিবেদন পুনরায় যাচাইপূর্বক দাখিল করতে হবে;
খ) সকল দপ্তর/সংস্থার শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্টদের আরও জোরালো ভূমিকা পালন করতে হবে।

০৪। সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কাজী মোশতাক জহির

যুগ্মসচিব (যুব) ও শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট
কর্মকর্তা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর
- ২) সচিব, সচিবের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ
- ৩) পরিচালক, ক্রীড়া পরিদপ্তর
- ৪) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান
- ৫) মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা
- ৬) সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
- ৭) উপসচিব, এপিএ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
- ৮) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ৯) প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)



মোঃ ফজলে এলাহী
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)